



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর : ১৫৬

কৃষিতেও বাংলাদেশ এখন স্মার্ট --খাদ্যমন্ত্রী

রাজশাহী; ৩০ পৌষ (১৪ জানুয়ারি) :

খাদ্য মন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, কৃষিতেও বাংলাদেশ এখন স্মার্ট। এক ফসলি জমিতে এখন দুই তিন ফসলের চাষ হচ্ছে। অল্প জমিতে অধিক ফসল ফলানো হচ্ছে। আর এসব সম্ভব হয়েছে সরকারের কৃষি বান্ধব নীতির কারণে।

তিনি আজ শনিবার (১৪ জানুয়ারি) বিকালে বাহাদুরপুরের বড়িয়া মাঠে অনুষ্ঠিত ঘোড়দৌড় প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

প্রধানমন্ত্রীর কৃষিবান্ধব নীতির কারণে আমরা এখন অনেক ভালো আছি। কৃষক এখন তাদের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে। আমাদের দেশে খাদ্যের ঘাটতি নেই। দুর্ভিক্ষও হবে না -কৃষক দুর্ভিক্ষ হতে দেবে না।

সাধন চন্দ্র মজুমদার বলেন, নতুন প্রজন্মকে মাদকমুক্ত রাখতে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা ও সংস্কৃতির চর্চা বাড়াতে হবে। গ্রামীণ খেলাধুলা এক্ষেত্রে বড় ভূমিকা রাখতে পারে। সে ধারাবাহিকতায় ঘোড়দৌড় জনপ্রিয়তা পাচ্ছে। এর পৃষ্ঠপোষকতায় এগিয়ে আসতে হবে।

খাদ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার সামাজিক নিরাপত্তার ক্ষেত্র প্রসারিত করেছে। রাষ্ট্রীয় পর্যায়ে দরিদ্র মায়েদের মাতৃত্বকালীন ভাতা, বিধবা ভাতা, বয়স্কভাতা দেওয়া হচ্ছে। বছরের শুরুতে বিনামূল্যে বই ও দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তির মাধ্যমে সরকার শিক্ষায় সহায়তা দিচ্ছে।

বাহাদুরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও বাহাদুরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মামুন উর রশিদ এর সভাপতিত্বে উপজেলা নির্বাহী অফিসার ফারুক সুফিয়ান, উপজেলা চেয়ারম্যান ফরিদ আহমদ, ভাইস চেয়ারম্যান আইয়ুব হোসেন মন্ডল উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১২.৩০ঘ.